



বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



স্মারক নং: ১৬.০৬.০০০০.০০০.০০.০১৯.২০- ২০৫ (২)

তারিখ : ৭ সেপ্টেম্বর, ২০২০

বিষয় : আসন্ন শুভ প্রবারণা পূর্ণিমা ও পরবর্তী মাসব্যাপি কঠিন চীবর দান- ২০২০ আয়োজন কালে মহামারি করোনা ভাইরাস সংক্রমণ রোধে স্বাস্থ্য বিধি প্রতি পালনে সরকারী নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং: ১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.২২০, তারিখ : ১৪ জুলাই, ২০২০খ্রি:।

এতদ্বারা দেশের সকল বৌদ্ধ বিহার/ক্যাং/প্যাগোডা/চৈত্য এবং অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের ধর্মীয় নেতৃবৃন্দ এবং পরিচালনা কমিটির সদস্যদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন প্রবারণা পূর্ণিমা ও কঠিন চীবর দান উদযাপন উপলক্ষে যে কোন প্রার্থনা/আলোচনা খোলা মাঠে না করে বিহারের ভিতরে নির্ধারিত কক্ষে/উপাসনালয়ে স্বাস্থ্য বিধি মেনে আয়োজন করার জন্য সরকারী নির্দেশনা রয়েছে।

উক্ত নির্দেশনা মোতাবেক দেশের সকল বৌদ্ধ বিহারের অধ্যক্ষ/পরিচালনা কমিটিকে ধর্মীয় অনুষ্ঠান আয়োজন করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো। এছাড়াও, নিম্নবর্ণিত নির্দেশনাগুলো কঠোরভাবে নিয়মিত প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

নির্দেশনাসমূহ :

১. আতঙ্কিত না হয়ে ভগবান তথাগতের প্রতি দৃঢ় আস্থা রাখুন এবং করোনা মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য ত্রিপিটক (সূত্র) পাঠ করুন। মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য প্রার্থনা করুন;
২. কিছুক্ষণ পর পর সাবান ও পানি দিয়ে ২০ সেকেন্ড যাবৎ দুই হাত ভালভাবে পরিষ্কার করুন;
৩. ঘরের বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরুন এবং চলাফেরা ও সকল কাজে সামাজিক দূরত্ব বজায় রাখুন;
৪. অপরিষ্কার হাতে নাক, মুখ ও চোখ স্পর্শ করবেন না এবং যেখানে সেখানে কফ, থুতু ও ময়লা আবর্জনা ফেলা থেকে বিরত থাকুন;
৫. হাঁচি-কাশির সময় টিস্যু অথবা কাপড় ব্যবহার করুন বা বাহর ভাজে নাক-মুখ ঢেকে রাখুন;
৬. একান্ত জরুরি প্রয়োজনে ঘরের বাহিরে যেতে হলে সামাজিক দূরত্ব বজায় রেখে চলাফেরা করুন;
৭. নিয়মিতভাবে পুষ্টিসমৃদ্ধ খাবার গ্রহণ করে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করুন;
৮. করোনা ভাইরাসের উপসর্গ দেখা দিলে ডাক্তারের শরণাপন্ন হোন। কোন প্রকার লুকোচুরি করবেন না। করোনা আক্রান্ত অধিকাংশ রোগীই চিকিৎসার পর সুস্থ হয়ে যান;
৯. করোনা আক্রান্ত ব্যক্তি ও তাঁর পরিবারের সদস্যদের প্রতি মানবিক আচরণ করুন;
১০. নিয়মিত শরীর চর্চা অথবা শারীরিক পরিশ্রম করুন;
১১. গুজব রটাবেন না, গুজবে কান দিবেন না এবং গুজবে বিচলিত হবেন না;
১২. করোনা মহামারি সংক্রমণ রোধে সরকারের নির্দেশিত বিধি-নিষেধ এবং স্থানীয় প্রশাসনের নির্দেশনা অবশ্যই অনুসরণ করুন।

বিষয়টি জনস্বার্থে অতীব গুরুত্বপূর্ণ।

Rasmita
০৭/০৯/২০২০
(জয়দত্ত বড়ুয়া)

সচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

অধ্যক্ষ/সভাপতি,
বৌদ্ধ বিহার (সকল)।